ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৪১
বিলোনীয়া, ৩১ জুলাই, ২০২৫

**পঞ্চদশ অর্থকমিশনের ফান্ডে দক্ষিণ ত্রিপুরা জেলায় নানা উন্নয়নমূলক কাজ**

চলতি অর্থবছরে পঞ্চদশ অর্থ কমিশনের ফান্ডে দক্ষিণ ত্রিপুরা জেলায় বিভিন্ন পরিকাঠামোমূলক উন্নয়ন কাজ করা হবে। বকাফা ব্লকের অন্তর্গত পশ্চিম কাঁঠালিয়া পঞ্চায়েতে একটি পানীয় জলের পাকা ট্যাঙ্ক নির্মাণ করা হবে। ব্যয় হবে ৩ লক্ষ ৩৭ হাজার ৯১০ টাকা। সাতচাঁদ ব্লকের ভি কে পল্লী উপস্বাস্থ্য কেন্দ্রের বাউন্ডারি ওয়ালসহ একটি নতুন জাঙ্ক রুম নির্মাণ করা হবে। ব্যয় হবে ১ লক্ষ ৫০ হাজার টাকা। দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদ কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****